

টানা ৬ষ্ঠ বারের মতো বেসিস-এর তত্ত্বাবধানে এবং বেসিস স্টুডেন্টস ফোরামের সহায়তায় শুরু হতে যাচ্ছে যুক্তরাষ্ট্রের জাতীয় মহাকাশ সংস্থা নাসার উদ্যোগে আয়োজিত নাসা স্পেস অ্যাপস চ্যালেঞ্জ-২০২০।

প্রযুক্তিবিদ, বিজ্ঞানী, ডিজাইনার, আর্টিস্ট, শিক্ষাবিদ, উদ্যোক্তাসহ সবার অংশগ্রহণ নিশ্চিত করার মাধ্যমে পৃথিবীর বিভিন্ন বৈশ্বিক সমস্যা সমাধানে উদ্ভাবনী সমাধান খুঁজে বের করাই হল এই প্রতিযোগিতার মূল লক্ষ্য।

বেসিস বাংলাদেশের ৯টি শহরে (ঢাকা, চট্টগ্রাম, সিলেট, রাজশাহী, রংপুর, বরিশাল, খুলনা, কুমিল্লা ও ময়মনসিংহে) বড় পরিসরে এই প্রতিযোগিতার আয়োজন করতে চলেছে। যে কেউ বাংলাদেশ থেকে এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। নাসা কর্তৃক প্রদত্ত নিয়ম অনুসরণের মাধ্যমে বাছাই প্রক্রিয়া পরিচালিত হবে।

এ বছর ক্যাটাগরি হিসেবে থাকছে অবজার্ভ, ইনফরম, সাসস্টেইন, ক্রিয়েট, কনফ্রন্ট, কানেক্ট এবং ইনভেন্ট ইউর ওন চ্যালেঞ্জ (আপনি চাইলে আপনার মনের মত কিছু একটা বানাতে পারবেন)।

প্রজেক্ট হিসেবে জমা দিতে পারবেন হার্ডওয়্যার, সফটওয়্যার, মোবাইল অ্যাপ, গেমস এবং হার্ডওয়্যার/সফটওয়্যার/মোবাইল অ্যাপ/গেমস প্রটোটাইপ।

আঞ্চলিক পর্যায়ের বিজয়ীরা চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ পাবেন।

বিস্তারিত জানতে এবং রেজিস্ট্রেশন করতে ভিজিট করুন: <http://bsf.basis.org.bd/NASA-2020>

রেজিস্ট্রেশন চলবে ১৫ সেপ্টেম্বর, ২০২০ রাত ১১:৫৯ পর্যন্ত।

আজই রেজিস্ট্রেশন করুন:

বিস্তারিত জানতে যোগাযোগ করুন:

ইমেইল: [bsf@basis.org.bd](mailto:bsf@basis.org.bd)

ফোন: +880-96-123-22747 (BASIS) (শনি-বৃহস্পতি; সকাল ১০টা-সন্ধ্যা ৬টা)

